ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা

সময়মত পৌরকর পরিশোধ করুন
আপনার শিশুকে টিকা দিন

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

# দোকান বরাদ্দের বিজ্ঞপ্তি

এতদ্বারা ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের মালিকানাধীন ধূপখোলা মাঠ মার্কেট ৩য়তলা ও ৪র্থতলা মোট ৮৯ টি দোকান বরাদ্দের জন্য "ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন মার্কেট উপ-আইন ২০১৬" এর আওতায় নিম্ন বর্ণিত শর্তে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। আগ্রহী আবেদনকারীগণকে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের নগর ভবনস্থিত ভান্ডার ও ক্রয় বিভাগ হতে ৩,০০০/- (তিন হাজার) টাকা মূল্যের (অফেরৎযোগ্য) নির্ধারিত আবেদন ফরম সংগ্রহ করে তা যথাযথভাবে পূরণকরে প্রতিটি দোকানের বিপরীতে ধার্যকৃত প্রারম্ভিক অগ্রিম সালামি ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (ঢাকাস্থ যে কোন তফসিলী ব্যাংক হতে মেয়র, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা এর অনুকূলে ক্রয়কৃত) আবেদনপত্রের সাথে সংযুক্ত করে আগামী ০৮/০৬/২০২৩ খ্রি. তারিখের মধ্যে রাজস্ব কর্মকর্তা, (বাজার ও বিবিধ রাজস্ব পরিবীক্ষণ), ৭ম তলা, কক্ষ নং-৭১৯, নগর ভবন, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এর দপ্তরে জমা দিতে হবে।

| ক্রমিক নং | মার্কেট/ ভবনের নাম | ফ্লোর/তলা ও সংখ্যা | দোকান নম্বর ও সংখ্যা | প্রতিটি দোকানের পরিমাপ (বর্গফুট) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | ধূপখোলা মাঠ মার্কেট (নির্মাণাধীন) মোট: ৮৯টি দোকান | ৩য়তলায় ২০টি দোকান | ২৮০,২৮১,২৮২,২৮৩,২৮৪, ২৮৫,২৮৬,২৮৭,২৮৮ = ৯টি | ৭৭.৪৭ ব.ফু. | মহিলা উদ্যোক্তা বা ব্যবসায়ীদের জন্য |
| | | | ২৮৯,২৯০,২৯১,২৯২,২৯৩, ২৯৪,২৯৫,২৯৬,২৯৭,২৯৮, ২৯৯ = ১১টি | ৭৭.৪৭ ব.ফু. | সর্বসাধারণের জন্য |
| | | ৪র্থতলায় ৬৯টি দোকান | ৩০১,৩০২,৩০৩,৩০৪,৩০৫, ৩০৬,৩০৭,৩০৮,৩০৯,৩১০, ৩১১,৩১২,৩১৩,৩১৪,৩১৫, ৩১৬,৩১৭,৩১৮,৩২৩,৩২৪, ৩২৫,৩২৬,৩২৭,৩২৮,৩২৯, ৩৩০,৩৩১,৩৩২,৩৩৩,৩৩৪, ৩৩৫,৩৩৬,৩৪১,৩৪২,৩৪৩, ৩৪৪,৩৪৫,৩৪৬,৩৪৭,৩৪৮, ৩৪৯,৩৫০,৩৫১,৩৫২,৩৫৩, ৩৫৪,৩৫৫,৩৫৬,৩৫৭,৩৫৮, ৩৫৯,৩৬০,৩৬১,৩৬২,৩৭৪, ৩৭৫,৩৮৭,৩৮৮,৩৮৯,৩৯০, ৩৯১,৩৯২,৩৯৩,৩৯৪,৩৯৫, ৩৯৬,৩৯৭,৩৯৮, ৩৯৯ = ৬৯টি | ৭৭.৪৭ ব.ফু. | সর্বসাধারণের জন্য |

(ক) আবেদনপত্রের সাথে সত্যায়িত ছবি দাখিল করতে হবে।

(খ) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।

(গ) পাসপোর্ট নম্বর/টিন নম্বর (যদি থাকে) জমা দিতে হবে।

(ঘ) কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা পরিবারের সদস্য একের অধিক দোকানের জন্য আবেদন করতে পারবেন না।

(ঙ) আবেদন ফরমের সকল কলাম যথাযথভাবে পূরণ করতে হবে।

(চ) মহিলা উদ্যোক্তা বা ব্যবসায়ীদের জন্য নির্ধারিত দোকানের জন্য পুরুষ কর্তৃক আবেদন বাতিল বলে গণ্য হবে।

(ছ) অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।

(জ) আবেদনের সংখ্যা বরাদ্দযোগ্য দোকান সংখ্যার অধিক হলে লটারীর মাধ্যমে বরাদ্দ প্রাপক নির্বাচন করা হবে। লটারী অনুষ্ঠানের স্থানে আবেদনকারী বা তার প্রতিনিধি উপস্থিত থাকতে পারবেন।

(ঝ) লটারী অনুষ্ঠানের স্থান, তারিখ ও সময় উল্লেখ করে লটারী অনুষ্ঠানের কমপক্ষে ৭ (সাত) কার্যদিবস পূর্বে কর্পোরেশনের নোটিশ বোর্ডে বিজ্ঞপ্তি জারী এবং কর্পোরেশনের ওয়েব সাইটে প্রকাশ করা হবে।

(ঞ) সাময়িক বরাদ্দ পত্র প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে কোন বরাদ্দ প্রাপক দোকানের বরাদ্দ গ্রহণে অপারগতা জানালে উক্ত দোকান বরাদ্দ পাবার জন্য কেবল একজন আবেদনকারী অবশিষ্ট থাকলে উক্ত আবেদনকারীকে এবং একাধিক আবেদনকারী থাকলে আবেদনকারীদের মধ্যে লটারীর মাধ্যমে বরাদ্দ প্রদান করা হবে।

(ট) ধার্যকৃত সালামী হতে জমাকৃত প্রারম্ভিক সালামী বাদে অবশিষ্ট সালামী ৫(পাঁচ)টি সমান কিস্তিতে পরিশোধ করতে হবে। সাময়িক বরাদ্দপত্র প্রাপ্তির পর ৫ (পাঁচ) টি সমান কিস্তিতে সালামীর অবশিষ্ট টাকা পরিশোধ করতে ব্যর্থ হলে বরাদ্দ বাতিল হয়েছে বলে গণ্য হবে এবং জমাকৃত সালামীর ১০% (শতকরা দশ ভাগ) কর্পোরেশনের অনুকূলে বাজেয়াপ্ত হবে।

(ঠ) সাময়িক বরাদ্দ পত্রে বরাদ্দ সংক্রান্ত তথ্যাদি এবং সালামীর অবশিষ্ট টাকা পরিশোধের সময়সীমা, কিস্তির পরিমাণ ও সংশ্লিষ্ট নির্দেশনাবলি উল্লেখ থাকবে।

(ড) কর্পোরেশনের পূর্ব অনুমতি ব্যতিরেকে বরাদ্দ প্রাপ্ত দোকান অন্য কারও নিকট হস্তান্তর করা যাবে না বা ভাড়া দেয়া যাবে না।

(ঢ) দোকান বরাদ্দ পাওয়ার পর মাসিক নির্ধারিত হারে ভাড়া পরিশোধ করতে হবে এবং যথারীতি ট্রেড লাইসেন্স গ্রহণ ও চুক্তিপত্র সম্পাদন করতে হবে।

(ণ) অন্যান্য শর্ত বরাদ্দপত্রে/চুক্তিপত্রে উল্লেখ থাকবে, যা বরাদ্দ প্রাপক মেনে চলতে বাধ্য থাকবেন।

(ত) কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষের সংরক্ষিত থাকবে।

(থ) দোকান বরাদ্দ/ব্যবস্থাপনা সংক্রান্ত সকল বিষয় ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন মার্কেট উপ-আইন, ২০১৬ এর বিধিমতে পরিচালিত হবে।

কর্তৃপক্ষ
ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।

স্মারক নং-৪৬.২০৭.০১৬.১০.০৩.২৩৭২.২০২৩ তারিখ ঃ ০৭/০৫/২০২৩ খ্রি.

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ**

০১. প্রধান রাজস্ব কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন ।
০২. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন ।
০৩. প্রধান ভান্ডার ও ক্রয় কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন আওতাধীন ব্যবসায়ীদের নিকট আবেদন ফরম বিক্রয়ের জন্য অনুরোধ করা হলো ।
০৪. প্রধান জনসংযোগ কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা হতে প্রকাশিত অন্তত ০২ (দুই) টি বহুল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকায় পর পর কমপক্ষে ০২ (দুই) দিন বিজ্ঞপ্তিটি প্রকাশ এবং পত্রিকার বিজ্ঞপ্তির কাটিং রাজস্ব বিভাগে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করা হলো ।
০৫. সিস্টেম এনালিষ্ট, বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো ।
০৬. সহ-সচিব (সাধারণ প্রশাসন), বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টাঙ্গানোর/প্রদর্শনের জন্য ।
০৭. মেয়র মহোদয়ের একান্ত সচিব (মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য) ।
০৮. প্রধান নির্বাহী কর্মকর্তার স্টাফ অফিসার (প্রনিক মহোদয়ের সদয় অবগতির জন্য) ।
০৯. কর কর্মকর্তা, বিবিধ আদায় শাখা, অঞ্চল- ৫
১০. অফিস কপি ।

উপপ্রধান রাজস্ব কর্মকর্তা
বাজার ও বিবিধ রাজস্ব পরিবীক্ষণ
ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন
ফোন-২২৩৩৫০৩৬৮
ই-মেইল: dcromarket@dscc.gov.bd